

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৬

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৬
২০ নভেম্বর ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

প্রবাসী কল্যাণ ব্যাংককে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ৩৩ ধারায় নির্দেশিত সহজে বিনিময়যোগ্য সম্পদ সংরক্ষণের বাধ্যবাধকতা হতে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ১২১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে প্রবাসী কল্যাণ ব্যাংককে উক্ত আইনের ৩৩ ধারায় নির্দেশিত সহজে বিনিময়যোগ্য সম্পদ সংরক্ষণের বাধ্যবাধকতা হতে অব্যাহতি প্রদান করা হয়েছে। এতদ্বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২০ নভেম্বর ২০১৯ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং-বিআরপিডি(পি-৩)/৭৪৫(৫৬)/২০১৯-৯৫১৩ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১ (এক) পাতা।

আপনাদের বিশ্বস্ত,



(মো: রেজাউল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২।

বাংলাদেশ ব্যাংক

প্রজ্ঞাপন

তারিখ: ২০ নভেম্বর ২০১৯ মোতাবেক ৫ অগ্রহায়ণ ১৪২৬

নং বিআরপিডি(পি-৩)/৭৪৫(৫৬)/২০১৯-৯৫১৩—কর্মসংস্থানের উদ্দেশ্যে বিদেশে গমনেচ্ছু বাংলাদেশী বেকার যুবকদের সহায়তা প্রদান, প্রবাসী বাংলাদেশীদের দেশে প্রত্যাগমনের পর কর্মসংস্থানের সহায়তা প্রদান, প্রবাসী বাংলাদেশীদের দেশে বিনিয়োগে উৎসাহিতকরণ এবং আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দ্রুত ও ব্যয়-সাশ্রয়ী পন্থায় সহজে রেমিটেন্স প্রেরণে প্রবাসী বাংলাদেশীদের সহায়তা প্রদান লক্ষ্য হওয়ায় ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ১২১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক, সরকারের সহিত পরামর্শক্রমে, প্রবাসী কল্যাণ ব্যাংককে একই আইনের ৩৩ ধারায় নির্দেশিত সহজে বিনিময়যোগ্য সম্পদ সংরক্ষণের বাধ্যবাধকতা হইতে অব্যাহতি প্রদান করিল।



(আহমেদ জামাল)
ডেপুটি গভর্নর